গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
তালতলী,বরগুনা।
www.deo.taltali.barguna.gov.bd

স্মারক নং-৩৮.০১.০৪৯২.০০০.৯৯.০০০.২০২৩-২৫৪ তারিখঃ ০৭.০৭.২০২৪ খ্রি.

-ঃনিলাম বিজ্ঞপ্তি (সংশোধিত) ঃ-

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-প্রাগবি/উন্নয়ন-২/৭-৪/২০০৮/৪০০ তারিখঃ ০৮.০৩.২০১০খ্রি. ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-এলজিইডি/পিইডিপি-৩/এ-১৭/২০১৪/৬৯৮৮ তারিখঃ ০৮.০৯.২০১৬খ্রি. মোতাবেক এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নিলাম কমিটির সভায় সর্বসম্মতি ক্রমে নিম্নবর্ণিত ০৯(নয়) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ও জরাজীর্ণ ভবন ১টি প্যাকেজ আকারে (যেখানে যে অবস্থায় আছে) নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকের তথ্য নিম্নবর্ণিত ছকে দেয়া হলো।

ক্রঃ	নিলামের বিবরণ	সরকারি মূল্য	নিলামের বিবরণ	সরকারি মূল্য
০১	নলবুনিয়া আগাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	২৫৪২৯১/-	দক্ষিণ ঝাড়াখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়	১৭১০৭৭/-
	নলবুনিয়া গোড়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	১০২৪৮১/-	গাব্বারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৬১৮১৮/-
	মোমেপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৪৯৯০৩/-	নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৭২০৫৬/-
	শিকারীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	৫৩৪৩৫/-	গাজীকালু সরকারি প্রাথমিক বিদ্যালয়	৩৬৮৬৫/-
	বেহালা সরকারি প্রাথমিক বিদ্যালয়	৫৭৬৪৩/-		
০২	দরপত্র আহবানকারী ও সংগ্রাহক সংস্থা		উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।	
০৩	দরপত্রদাতার যোগ্যতা		যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান।	
০৪	দরপত্র ফরমের মূল্য		১০০০/- (এক হাজার টাকা মাত্র)	
০৫	দরপত্র ফরম গ্রহণের সময়কাল		০৩.০৭.২০২৪ খ্রি. থেকে ১৪.০৭.২০২৪ খ্রি. অফিস চলাকালীন সময়	
০৬	দরপত্র ফরম জমাদানের সময়কাল		০৩.০৭.২০২৪ খ্রি. থেকে ১৫.০৭.২০২৪ খ্রি. তারিখ সকাল ১১.০০ঘটিকা	
০৭	দরপত্র জমাদানের স্থান		উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষিত দরপত্র বাক্স	
০৮	নিলাম ডাকের দরপত্র বাক্স খোলার সময়, তারিখ ও স্থান		সময়ঃ ১২.০০ ঘটিকা, তারিখঃ ১৫.০৭.২০২৪ খ্রি. স্থানঃ উপজেলা পরিষদ “পায়রা ” সম্মেলন কক্ষ।	

শর্তাবলী

১. নিলাম ডাকে যেকোন ব্যক্তি, প্রতিষ্ঠান, হালনাগাদ ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করতে পারবে।

২. নিলাম ডাকে অংশগ্রহণের জন্য দাখিলীয় নিলাম মূল্যে **২৫%** টাকা পে-অর্ডার আকারে **উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা** এর অনুকূলে নির্ধারিত আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। নিরাপত্তা জামানত বিহীন নিলাম ডাক গ্রহণ করা হবে না। সর্বোচ্চ/অনুমোদিত ডাককারীকে নিলামের সম্পূর্ণ টাকা (নিরাপত্তা জামানত বাদে) নতুনভাবে পে-অর্ডার আকারে পরবর্তী ২(দুই) অফিস কর্মদিবসের মধ্যে জমা প্রদান করে কার্যাদেশ গ্রহণ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করে আইনানুগ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. নিলাম ডাকে দাখিলীয় দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, এনআইডি কার্ড এর ছায়ালিপি এক কপি সদ্য তোলা রঙিন ছবি ও সংশ্লিষ্ট দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের মোবাইল নম্বর লিপিবদ্ধ পূর্বক জমা প্রদান করতে হবে। এছাড়া সরকারিভাবে প্রচলিত আয়কর, ভ্যাট ও অন্যান্য কর বিধিগতভাবে প্রদান করতে হবে।

৪. নিলাম ডাকের পূর্বে পুরাতন ও জরাজীর্ণ ভবন সরেজমিনে দেখে ও বুঝে দর দাখিল করতে হবে। নিলাম দর দাখিলের পরে কোন ধরণের কোন ওজর/আপত্তি চলবে না।

৫. নিলাম ডাক অনুমোদিত হওয়ার কার্যাদেশ প্রাপ্তির **১৫ (পনের)** দিনের মধ্যে নিজ খরচে বর্ণিত ভবনসমূহ ভেঙ্গে পুরাতন মালামাল বিদ্যালয়ের সীমানা থেকে অপসারণ করতে হবে। অপসারণকালে বিদ্যালয় বা বিদ্যালয়ের অন্যান্য সম্পত্তির ক্ষতি সাধিত হলে তাকে নিজ খরচে মেরামত/সংস্কার করে দিতে হবে।

৬. নিলাম ডাকের বিষয়ে যে কোন সিদ্ধান্ত নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিলাম ডাক প্রক্রিয়ার যেকোন সিদ্ধান্ত পরিবর্তন/পরিমার্জন/সংশোধন/বাতিলসহ ইত্যাদি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

Stumpa ০৭/০৭/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নিবাহী অফিসার
তালতলী, বরগুনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি,তালতলী, বরগুনা।
৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তালতলী, বরগুনা (নোটিশটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. চেয়ারম্যান (সকল).........................ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা (স্ব স্ব পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
৫. সভাপতি/সাধারণ সম্পাদক, তালতলী প্রেস ক্লাব, তালতলী, বরগুনা (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
৬. সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক দৈনিক আমাদের সময়, ১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা ২, ঢাকা-১২০৮ তাকে বিজ্ঞপ্তিটি ৪x৬ কলাম ইঞ্চির মধ্যে সীমাবদ্ধ রেখে কেবল মাত্র ০১(এক) দিনের প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭. অফিস কপি।

০৭/০৭/২৪

(মোঃ নজরুল ইসলাম)
উপজেলা শিক্ষা অফিসার (চ.দা.)
তালতলী,বরগুনা।